

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
অধিশাখা-১০ (মাধ্যমিক-১)  
[www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd)

নং-৩৭.০০.০০০০.০৭১.০৭.০০৩.১৩-২২০

তারিখ : ১৯ ফাল্গুন, ১৪২১ বঙ্গাব্দ  
০৩ মার্চ, ২০১৫ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয় : ৬ষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণির English for Today পাঠ্যপুস্তকে সন্নিবেশিত Listening Text বিষয়ে পাঠদানের জন্য সকল মাধ্যমিক বিদ্যালয় ও মাদরাসায় নিজস্ব অর্থায়নে/ব্যবস্থাপনায় শ্রেণিকক্ষে অডিও ডিভাইস এর ব্যবস্থাকরণ।

জাতীয় শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী ৬ষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণির ইংরেজি প্রথম পত্র English for Today বিষয়ে শিক্ষার্থীদের ১০০ নম্বরের সামষ্টিক মূল্যায়নের ক্ষেত্রে Listening এ ১০ নম্বর, Speaking এ ১০ নম্বর, Reading এ ৪০ নম্বর এবং Writing এ ৪০ নম্বর নির্ধারণ করা আছে। শিক্ষার্থীদের Listening ও Speaking দক্ষতা ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে নির্ধারিত হবে। Listening ও Speaking-এর ২০ নম্বর (১০+১০) শিক্ষার্থীদের চূড়ান্ত গ্রেড নির্ণয়ের ক্ষেত্রে সামষ্টিক মূল্যায়নে সংযোজিত হবে। জেএসসি, জেডিসি ও এসএসসি এবং দাখিল পরীক্ষা ব্যতীত ৬ষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণি পর্যন্ত আভ্যন্তরীণ সকল পরীক্ষায় এ মূল্যায়ন পদ্ধতি কার্যকর হবে। জেএসসি, জেডিসি ও এসএসসি এবং দাখিল পরীক্ষায় প্রয়োজ্যতার শিক্ষাবর্ষ পরবর্তীতে জানানো হবে।

২। ৬ষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণির জন্য প্রণীত English for Today পাঠ্যপুস্তকে সন্নিবেশিত ৩৬টি Listening Text জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি অনুমোদন করেছে। শ্রেণিকক্ষে কম্পিউটার কিংবা মোবাইল ফোনের সাথে অডিও ডিভাইস ব্যবহার করে Listening Text বিষয়ে পাঠদান কার্যক্রম পরিচালনা করতে হবে।

৩। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এনসিটিবি প্রয়োজনে অন্যান্য সরকারি-বেসরকারি সংস্থার সহায়তায় Electronic Instruction Manual তৈরি করে এনসিটিবি'র (URL : [www.nctb.gov.bd](http://www.nctb.gov.bd)) এবং শিক্ষক বাতায়নের (URL : [www.teachers.gov.bd](http://www.teachers.gov.bd)) ওয়েবসাইটে সন্নিবেশিত করবে। ওয়েবসাইট থেকে ডাউনলোড করে Manual টি ব্যবহার করা যাবে।

৪। English for Today'র Listening Text এর জন্য অডিও প্রোডাকশনটি Web এবং মোবাইল enable করে শিক্ষক বাতায়ন ও এনসিটিবির ওয়েবসাইটে দেয়া হবে। ওয়েবসাইট থেকে অডিও প্রোডাকশনটি ডাউনলোড করে শ্রেণিকক্ষে ব্যবহার করা যাবে।

৫। Listening Text এর অডিও প্রোডাকশনটি বিদ্যালয় ও মাদরাসায় ৬ষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণির প্রতিটি শ্রেণিকক্ষে চালানোর জন্য অডিও ডিভাইস-এর ব্যবস্থা থাকতে হবে। ৬ষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণিতে English for Today পাঠ্যপুস্তক ব্যবহারকারী সকল বিদ্যালয় ও মাদরাসা নিজস্ব অর্থায়নে, ব্যবস্থাপনায় শ্রেণিকক্ষে ব্যবহারের জন্য অডিও ডিভাইস এর ব্যবস্থা করবে। বিদ্যালয় ও মাদরাসার ম্যানেজিং কমিটি, গভর্নিং বডি অডিও ডিভাইস সংগ্রহের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।


৬। এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত  
তারিখঃ- ০৩.০৩.২০১৫  
(মো. নজরুল ইসলাম খান)  
সচিব

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্যক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৬. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা।  
(প্রতিটি প্রশিক্ষণ কোর্সের সাথে বিষয়টি প্রশিক্ষণের সময় প্রশিক্ষনার্থীদের অবহিত করবেন।)
৭. কমিশনার (সকল বিভাগীয়)
৮. যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম, শিক্ষা ভবন, ঢাকা
৯. যুগ্মসচিব (মাধ্যমিক-১/২, মাদরাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. প্রকল্প পরিচালক, টিকিউআই-২/আইসিটি প্রকল্প, শিক্ষা ভবন, ঢাকা
১১. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা
১২. জেলা প্রশাসক (সকল)
১৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/দিনাজপুর/বরিশাল/যশোর/  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. অধ্যক্ষ, টিটিসি/এইচএসটিটিআই (সকল)  
(প্রতিটি প্রশিক্ষণ কোর্সের সাথে বিষয়টি প্রশিক্ষণের সময় প্রশিক্ষনার্থীদের অবহিত করবেন।)
১৫. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল (সকল)
১৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৮. জেলা শিক্ষা অফিসার (সকল), বিষয়টি সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করবেন।
১৯. প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা/সুপারিনটেনডেন্ট/উচ্চ মাধ্যমিক/মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়/সমমানের  
মাদরাসা (দাখিলস্তর) (সকল), সকল শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে প্রচার করবেন।
২০. Team Leader, English in Action, House # 01, Road # 80, Gulshan-2, Dhaka
২১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করবেন।
২২. সংশ্লিষ্ট নথি।



(মোঃ এনামুল কাদের খান)

উপসচিব

ফোন : ৯৫৭৬৭৮০